145

আজকের কাগজ

তারিখ 06 JUL 1995
পৃষ্ঠা ২ কলাম ৩

# প্রবেশ পত্র না পাওয়ায় কুষ্টিয়ায় পরীক্ষার্থীদের হাতে কলেজ শিক্ষক লাঞ্ছিত

কুষ্টিয়ার মীরপুর কলেজের একদল এইচএসসি পরীক্ষার্থী গতকাল প্রবেশপত্র না পেয়ে কলেজের অধ্যক্ষের কক্ষ ভাংচুর ও কয়েকজন শিক্ষককে লাঞ্ছিত করেছে।

জানা গেছে, আজ থেকে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অংশ নেয়ার জন্যে মীরপুর কলেজের ১২শ' ৩০ জন পরীক্ষার্থী ফরম পূরণ করে। কিন্তু অধিকাংশ পরীক্ষার্থী প্রবেশপত্র পেলেও ৯৮জন কোনো প্রবেশপত্র পায়নি। ফলে এ বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা গতকাল সকালে কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে কলেজ অধ্যক্ষের কক্ষ ভাংচুর করে। এসময় বিক্ষুব্ধ কাওয়া কলেজের শিক্ষক শামসুল হক, আব্দুল গফুর ও ক্লার্ক অনিলদেকে মারধোর করে।

ছাত্ররা এ ঘটনার জন্যে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আঃ লতিফ ও উপাধ্যক্ষ আঃ করিমকে দায়ী করে তাদের অপসারণ দাবি করেছেন।

এদিকে দৌলতপুর মথুরাপুর পিপলস কলেজের ১৩৮০ জন পরীক্ষার্থীদের মধ্যে ৯৫ জন ছাত্র-ছাত্রী তাদের প্রবেশপত্র না পাওয়ায় গতকাল বিক্ষোভ করেছে। কুষ্টিয়া থেকে শাহ আরিফ নিশির।